



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫ ফোন-৯২৯১১১৯



প্রেস বিজ্ঞপ্তি

১৩ সেপ্টেম্বর ২০২১

রূপকল্প ২০৪১ বাস্তবায়নে শিক্ষার হার শতভাগ করতে বাউবি'র অঙ্গীকার ময়মনসিংহে বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার হার শতভাগ করার কোন বিকল্প নেই। কর্মমুখী শিক্ষায় দক্ষতা বৃদ্ধি করে জনসম্পদ সৃষ্টির মাধ্যমে বাউবি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার সোমবার ১৩ সেপ্টেম্বর ২০২১ সকালে একথা বলেন। বাউবি উপাচার্য আরো বলেন, বিশ্ব বাজারে আমাদের শীলংকা, কেবলার মত দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। এজন্য উপযুক্ত প্রযুক্তি ও পেশাভিত্তিক কর্মবান্ধব শিক্ষা প্রোগ্রাম প্রতিটি আঞ্চলিক কেন্দ্রে চালুর ব্যবস্থা নেয়া হবে। মাননীয় উপাচার্য দেশের প্রান্তিক জনগোষ্ঠী, পিছিয়ে পড়া নারী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণকে শিক্ষায় সংযুক্ত করতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাদের প্রতি আহবান জানান। নারী ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে শিক্ষার মহাসোপানে ফিরিয়ে এনে দক্ষ জনশক্তিতে রূপান্তরের কথা সভায় উল্লেখ করেন। মতবিনিময় সভায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে বর্তমান সরকারের ডিজিটাল শিক্ষা বাস্তবায়ন, অনলাইন কার্যক্রম, ই-লার্নিং, দূরশিক্ষণ ও অত্যাধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা নিয়ে বাউবি যাতে অগ্রগতির দিকে এগিয়ে যেতে পারে সভায় সেবিষয়ে আলোকপাত করেন। উপাচার্য আরো বলেন, বাউবি সম্পর্কে প্রান্তিক জনগোষ্ঠীসহ অনেকেই সুস্পষ্ট ধারণা নেই তাই এবিষয়ে উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানদের তৃণমূল পর্যায়ে মানুষের সঙ্গে বাউবি'র কার্যক্রম ও শিক্ষা ব্যবস্থা সম্পর্কে ক্যাম্পেইন এবং গণসংযোগের উপর গুরুত্ব আরোপ বলেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিবারকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা' গড়ার স্বপ্ন বাস্তবায়নে দৃঢ় প্রত্যয় ও অঙ্গীকার নিয়ে কাজ করার আহবান জানান। তিনি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিভিন্ন সমস্যা ধৈর্য সহকারে শুনেন। কর্মকর্তা/কর্মচারীদের নিষ্ঠা ও সততার সাথে কাজ করার আহবান জানান।



বাউবি'র ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রে কর্মকর্তাদের সাথে মতবিনিময় করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

মতবিনিময় সভায় আঞ্চলিক পরিচালক ড. মেজবাহ উদ্দিন তুহিন স্বাগত বক্তৃতা দেন। অনুষ্ঠানে টাংগাইল, জামালপুর, নেত্রকোণা, মধুপুর, শেরপুর ও কিশোরগঞ্জ উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানগনসহ আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উপাচার্য এর আগে ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্রে পৌছালে কর্মকর্তাগণ স্বাগত জানান। তিনি মুজিব শতবর্ষের স্মারক হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে ময়মনসিংহ ক্যাম্পাসে একটি নিম্ন বৃক্ষের চারা রোপন করেন।

মোঃ আবুল কাসেম শিখদার

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইল নং- ০১৭১১১৫৭২৩৬

প্রাপকঃ বার্তা সম্পাদক